



ISO 9001:2015

বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১
BARISHAL PALLI BIDYUT SAMITY-1

জেনারেল ম্যানেজারের কার্যালয়
বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১
রুপাতলী, বরিশাল।
E-Mail: bapbs1@gmail.com
Web Site: www.pbs1.barisal.gov.bd

স্মারক নং-২৭.১২.০৬৫১.৫৩৯.০১.০৩৮.২৫. ২৮৫

তারিখ ০৮ শ্রাবন' ১৪৩২ বঙ্গাব্দ
২৩ জুলাই, ২০২৫ খ্রীষ্টাব্দ

বিষয়ঃ কোটেশন জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে “রেইনকোট” সরবরাহের দরপত্র আহবান প্রসঙ্গে।

বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিজস্ব তহবিলের আওতায় কর্মচারীদের নিমিত্তে “রেইনকোট” সরবরাহের জন্য নিম্ন বর্ণিত বিবরণ ও শর্ত সাপেক্ষে প্রকৃত ও প্রতিষ্ঠিত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত স্পেসিফিকেশন ও শর্তাবলী সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র (RFQ) আহবান করা যাচ্ছে।

মালামালের বিবরণঃ

| ক্রঃ নং | বিবরণ | একক | পরিমাণ | একক দর | মোট মূল্য |
|------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-----|--------|----------|-----------|
| ১ | রেইনকোট উন্নতমানের বিদেশি (অরবিট) পাতলা ১০০% ওয়াটার পুফ প্যারাসুট কাপড় দ্বারা তৈরি ডাবল পার্টের জামা, চাপ সেলাই বিশিষ্ট কফ হাতা ও উভয় পার্শ্ব ব্যবহার উপযোগী এবং মাথার উপরে টুপি থাকতে হবে। প্যান্ট চাপ সেলাই বিশিষ্ট, ফ্লেক্সিবিল হতে হবে ও প্যান্টের নীচের দিকে চেইন থাকতে হবে। (সমিতিতে সংরক্ষিত ও প্রদর্শিত নমুনা মোতাবেক)। | টি | ১৩০ | | |
| | | | | সর্বমোটঃ | |


কথায়ঃ-----।

শর্তাবলীঃ

- ১। অগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে উল্লিখিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট **Web Site: www.pbs1.barisal.gov.bd** এ দেখতে পারবেন।
- ২। দরদাতাগণকে আগামী ২৯/০৭/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ২:০০ ঘটিকার মধ্যে প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, রুপাতলী, বরিশাল- এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে এবং ২৯/০৭/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ০২:০৫ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ৩। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে “**রেইনকোট সরবরাহ**” কথাটি লিখতে হবে।
- ৪। দরদাতা প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও ট্যাক্স পরিশোধের সনদ, ব্যাংক সলভেন্সী এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। নিয়ম অনুযায়ী ভ্যাট কর্তন করা হবে।
- ৫। দরপত্রে কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহনযোগ্য হবে না।
- ৬। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাস্য থাকিলে/ ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০২ (দুই) দিন পূর্বে নিম্ন স্বাক্ষরকারীর ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ৭। যথাসময়ে “**রেইনকোট**” সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে অর্থ কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে না পারলে যৌক্তিক কারণ উল্লেখ পূর্বক কার্যাদেশের সময়সীমা শেষ হবার পূর্বেই সমিতি কর্তৃপক্ষের নিকট সময় বৃদ্ধির জন্য আবেদন করতে হবে। সে ক্ষেত্রে জরিমানা আরোপসহ সমিতি কর্তৃপক্ষ সময় বৃদ্ধি করতে পারবেন।


৮। সমিতিতে সংরক্ষিত ও প্রদর্শিত নমুনা মোতাবেক সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর গুনগত মান যাচাই কমিটির সুপারিশের প্রত্যয়ন সাপেক্ষে সরবরাহকারী প্রতিষ্ঠানকে বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক মালামালের মূল্য সরাসরি একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।

০৯। বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।


(প্রকৌঃ মোঃ রাফিকুল ইসলাম)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও স্ব স্ব নোটিশ বোর্ডে ব্যাপক প্রচারের জন্য) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, বরিশাল।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----১/২/৩/৪।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বরিশাল প্রকল্প বিভাগ, বাপবিবো, বরিশাল।
- ০৬। ডিজিএম, মুলাদী/বাকেরগঞ্জ/মেহেন্দীগঞ্জ জোনাল অফিস, বপবিস-১।
- ০৭। ডিজিএম (কারিগরী-সদর দপ্তর), বপবিস-১।
- ০৮। সকল বিভাগীয় প্রধান, বপবিস-১।
- ০৯। এজিএম (আইটি), বপবিস-১। (বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইট-এ আপলোড করার নির্দেশসহ)
- ১০। মের্সাস -----।
- ১১। নোটিশ বোর্ড, বপবিস-১।


(প্রকৌঃ মোঃ রাফিকুল ইসলাম)
জেনারেল ম্যানেজার

